

বেসরকারি স্কুল ও কলেজ কর্মচারীদের কর্মবিরতি আজ

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ২৮ মে ২০২৫, ০৯:৫৯



বেসরকারি স্কুল-কলেজে কর্মরত কর্মচারীদের উৎসবভাতা বৃদ্ধি না করায় কর্মবিরতির ঘোষণা করেছে বাংলাদেশ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান তৃতীয় শ্রেণী কর্মচারী পরিষদ। আজ বুধবার সারা দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে দুই ঘণ্টা কর্মবিরতি পালন করবেন তারা। মঙ্গলবার (২৭ মে) সংগঠনটির পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'সরকার কর্মচারীদের বাদ রেখে শুধু শিক্ষকদের উৎসবভাতা ২৫ শতাংশ বৃদ্ধি করেছে। আমরা বাংলাদেশ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান তৃতীয় শ্রেণী কর্মচারী পরিষদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। এর প্রতিবাদে আজ বুধবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কর্মবিরতি পালন করবে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীরা।'

এতে আরও বলা হয়, 'এই কর্মবিরতির পরও সম্মতিপত্র সংশোধন করে শিক্ষকদের ন্যায় কর্মচারীদের উৎসবভাতা ২৫ শতাংশ বৃদ্ধি করা না হলে আরও কঠোর কর্মসূচির মাধ্যমে দাবি আদায় করা হবে।'

এর আগে দেশের বেসরকারি স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি এমপিওভুক্ত শিক্ষকদের উৎসবভাতা বাড়িয়েছে সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, এমপিওভুক্ত শিক্ষকরা এখন থেকে মূল বেতনের ৫০ শতাংশ উৎসবভাতা পাবেন, যা আগে ছিল মূল বেতনের ২৫ শতাংশ। সোমবার এ সংক্রান্ত আদেশ জারি করেছে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ।